

সীমিত
সাধারণ দ্রব্য ও বস্ত্র সামগ্রী পরিদর্শনালয়
ঢাকা সেনানিবাস

কারিগরী বিনির্দেশ নং : আইজিএসএন্ডসি/ক্রো/১১৮৪ তারিখ : ৩০ মার্চ ২০২২

ড্রইং নংঃ নাই

ভোকাব সেকশন : বিকেসি

পার্ট নং : ০০৬৭

নামমালা : পিলো ক্যাপক ফর অফিসার্স

(পূর্বের কারিগরী বিনির্দেশ নং আইজিএস এন্ড সি/ক্রো/১০৭৬ তারিখ ২৪ অক্টোবর ২০১৮ রহিত করা হলো)

১। মৌলিক কাপড়।

উপকরণের নাম	উপাদান
কাপড়ের উপাদান (ISO:1833)	১০০% কটন

২। উপকরণের মানদণ্ড।

ক্রমিক	উপকরণের নাম	উপকরণের গঠন/বৈশিষ্ট্য
ক।	বুননের ধরণ	১/১, ১/১..... প্লেইন
খ।	প্রতি বর্গমিটারের ওজন (ISO:3801)	১৪০±৫ গ্রাম
গ।	প্রতি ২.৫৪ সেঃমিঃ এ সূতার সংখ্যা (ISO:7211/2)	টানা (Warp)- ৯৮±২ টি (প্রতিটি এক তার) বানা (Weft)- ৮০±২ টি (প্রতিটি এক তার)
ঘ।	সূতার কাউন্ট (টানা ও বানা) (ISO:7211/5)	৩২.০ ^{এস} ±২
ঙ।	সহনশক্তি (ISO:13934-1)	টানা (Warp)- ৬০ ±৫ কেজি বানা (Weft)- ৫০±৫ কেজি
চ।	কাপড়ের রং (Shade)	হালকা হলুদ (Pantone Colour Code:13-1025 TCX)
ছ।	রং এর শ্রেণী (Dyestuff)	রি-এ্যাকটিভ (Re-active)
জ।	বালিশের ভিতরে ব্যবহৃত ফাইবারে উপাদান (ISO:1833)	শিমুল তুলা(Silk cotton)
ঝ।	সেলাই সূতাঃ (১) উপাদান ও রং (২) সূতার গঠন (৩) সূতার ডেনিয়ার	পলিয়েস্টার (বডি কালার) দুই তার ২/১২০ ^{ডি} ±২

৩। পরীক্ষার মানদণ্ড।

ক্রমিক	পরীক্ষার নাম	মাত্রা
ক।	ধৌতকরণ পরীক্ষা নং-২ (ISO 105 C02) / ISO 105 C06 (C2S)	গ্রে স্কেল রেটিং ৪ (সর্বনিম্ন)
খ।	ধৌতকরণ পরীক্ষা নং-৪ (ISO 105 C04) / ISO 105 C06 (E2S)	গ্রে স্কেল রেটিং ৪ (সর্বনিম্ন)
গ।	রাবিং (Rubbing) পদ্ধতিতে ধৌতকরণ (ঠান্ডা ও গরম পানিতে) পরীক্ষায় রং এর স্থায়ীত্ব	গ্রে স্কেল রেটিং ৪ (সর্বনিম্ন)
ঘ।	সূর্যকিরণ পরীক্ষায় (৪৮ ঘন্টা) রং এর স্থায়ীত্বতা (ISO 105 B02)	গ্রে স্কেল রেটিং ৪ (সর্বনিম্ন)

৪। বাহ্যিক মাপজোখ।

ক্রমিক	বিবরণ	পরিমাপ
ক।	বালিশের দৈর্ঘ্য	ঃ ৭১ সেঃ মিঃ
খ।	বালিশের প্রস্থ	ঃ ৪৫ সেঃ মিঃ
গ।	বালিশের ভিতরে ব্যবহৃত দ্রব্যের (শিমুল তুলার) ওজন	ঃ ১০০০ ± ১০ গ্রাম
ঘ।	প্রতি ২.৫৪ সেঃ মিঃ এ সেলাই সংখ্যা	ঃ ১০/১২ টি
ঙ।	বালিশের সর্বমোট ওজন	ঃ ১১১০ ± ১০ গ্রাম

সীমিত ৩০/৩



৫। দ্রব্যঃ

- ক। বালিশের চার কোনার আকৃতি অনুমোদিত নমুনা মোতাবেক হতে হবে।
- খ। বালিশের কাপড়ের সেলাইয়ের স্থানে চার পার্শ্বে বাহিরের দিকে উন্নতমানের লাইনিং (৮.০ মিঃমিঃ পরিধি সম্পন্ন) তুষার সাদা রং এর টুইস্ট কটন রশি, কাপড় দ্বারা আবৃত করে সেলাই থাকতে হবে।
- গ। বালিশে ব্যবহৃত কাপড় অবশ্যই ন্যাপস, স্লাবস, দাগ ও বুনন ফ্রটি মুক্ত হতে হবে।
- ঘ। বালিশের আকার/আকৃতি, রং (Shade) ও অন্যান্য বিবরণাদি অবশ্যই কারিগরী বিনির্দেশ এবং আইজিএসএন্ডসি'তে রক্ষিত অনুমোদিত নমুনা মোতাবেক হতে হবে।
- ঙ। বালিশের ভিতরে ব্যবহৃত শিমুল তুলা অবশ্যই উত্তমরূপে ধোনা করতঃ ভরতে হবে।

৬। চিহ্নিতকরণ (দ্রব্য) : প্রতিটি দ্রব্য নিম্নলিখিত ভাবে অমোচনীয় কালি দ্বারা প্রিন্ট করতে হবে :

দ্রব্য	মার্কিং (প্রিন্টেড লেবেল)		সাইজ	মন্তব্য
উন্নতমানের প্রিন্টেড লেবেল সুবিধাজনক স্থানে সেলাই করে লাগাতে হবে	কেন্দ্রীয় ফ্রয়ের জন্য বাংলাদেশ সেনাবাহিনী পণ্যের নামমালা : সরবরাহকারীর নাম : চুক্তিপত্র নং ও তারিখ : উৎপাদনের মাস ও সন : চালান নং ও তারিখ : ওয়ারেন্টি :	স্থানীয় ফ্রয়ের জন্য বাংলাদেশ সেনাবাহিনী এলপি সিওডিঃ পণ্যের নামমালা : সরবরাহকারীর নাম : এলপি অর্ডার নং ও তারিখঃ উৎপাদনের মাস ও সন : ওয়ারেন্টি :	প্রয়োজনীয় সাইজ	

৭। চিহ্নিতকরণ (কার্টন) : প্রতিটি কার্টন নিম্নলিখিত ভাবে অমোচনীয় কালি দ্বারা প্রিন্ট করতে হবে :

কার্টন	মার্কিং		সাইজ	মন্তব্য
কার্টন (সামনের অংশে)	কেন্দ্রীয় ফ্রয়ের জন্য বাংলাদেশ সেনাবাহিনী পণ্যের নামমালা : সরবরাহকারীর নাম ও ঠিকানা : চুক্তিপত্র নং ও তারিখ : উৎপাদনের মাস ও সন : পরিমাণঃ চালান নং ও তারিখঃ ওয়ারেন্টি :	স্থানীয় ফ্রয়ের জন্য বাংলাদেশ সেনাবাহিনী এলপি সিওডিঃ পণ্যের নামমালা : সরবরাহকারীর নাম ও ঠিকানা : এলপি অর্ডার নং ও তারিখঃ উৎপাদনের মাস ও সন : পরিমাণ : ওয়ারেন্টি :	প্রয়োজনীয় সাইজ	কার্টন উন্নতমানের কাগজের দ্বারা তৈরী হতে হবে।
কার্টন (পিছনের অংশে)	গ্রাহকের নাম ও ঠিকানা			

৮। নমুনা।

নমুনার ধরণ	পরিমাণ/মন্তব্য
দরপত্র নমুনা	বিনামূল্যে ০৩ (তিন) মিটার ডাইং করা মৌলিক কাপড় এবং ০২ (দুই) টি পূর্ণাঙ্গ বালিশ প্রদান করতে হবে।
অগ্রিম নমুনা	বিনামূল্যে ০২ (দুই) টি পূর্ণাঙ্গ বালিশ প্যাকিং উপাদানসহ প্রদান করতে হবে।
উপদেশমূলক নমুনা	বিনামূল্যে ০২ (দুই) টি পূর্ণাঙ্গ বালিশ প্যাকিং উপাদানসহ প্রদান করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে)।
বিআর নমুনা	বিনামূল্যে বাহ্যিক এবং পরীক্ষাগারে পরীক্ষা/নিরীক্ষার জন্য প্রতি চালানের জন্য প্রতি এক হাজারে ০২ টি তবে রং (Shade) অনুযায়ী কম/বেশী হতে পারে।

সীমিত

৯। মোড়কীকরণঃ প্রতিটি বালিশ উন্নতমানের পলিথিন ব্যাগে ঢুকিয়ে পলিথিনের মুখ হিট সিলিং মেশিনের সাহায্যে আটকিয়ে প্যাকিং করে দিতে হবে। এরূপ ০৩ (তিন) টি বালিশ একত্র করতঃ ০৯ (নয়) প্লাই বিশিষ্ট উন্নতমানের সঠিক সাইজের করোগেটেড পেপার কার্টনে ঢুকিয়ে প্যাকিং করতে হবে। কার্টনের উপরের ফ্ল্যাপ চারটি (দৈর্ঘ্যের দিকে দুইটি এবং প্রস্থের দিকে দুইটি) উন্নতমানের পলি প্রোপাইলিন স্ট্র্যাপ দিয়ে বেঁধে মেটাল বাকল/ক্লিপের সাহায্যে শক্ত করে আটকিয়ে দিতে হবে।

১০। কার্টনের ড্রপ টেস্ট (Drop Test for Carton)ঃ প্যাকিং এ ব্যবহৃত কার্টন উন্নতমানের হতে হবে যাতে পণ্য ভরা অবস্থায় কার্টন ০২ (দুই) মিটার উচ্চতা হতে যে কোন দিকে (In any direction) ০৩ (তিন) বার মাটিতে ফেলার পরেও ফেঁটে যাবে না।

১১। পরীক্ষা/নিরীক্ষা সংক্রান্ত শর্তাবলীঃ দরপত্র, অগ্রিম এবং বিআর নমুনা আইজিএসএন্ডসি'র পরীক্ষাগারে পরীক্ষা/নিরীক্ষা করার সুবিধা না থাকলে বাংলাদেশের আন্তর্জাতিকমানের যে কোন পরীক্ষাগারে পরীক্ষা/নিরীক্ষা করতে হবে। ডিপি-৩৫ অনুচ্ছেদ-১২ (এ এবং বি) অনুযায়ী পরীক্ষাগারে পরীক্ষা/নিরীক্ষার সকল ব্যয় সরবরাহকারী বহন করবেন।

১২। সরবরাহকারী কর্তৃক গুণগতমান নিয়ন্ত্রণ/পরিদর্শন সনদঃ সরবরাহকারী পণ্য প্রস্তুত করতঃ তাদের প্রাপ্ত পরিদর্শন করে নিম্নরূপভাবে নিশ্চিত এবং সন্তোষজনক হয়ে প্রত্যেক চালানোর সাথে সনদ প্রদান করতে হবেঃ

ক। উৎপাদিত দ্রব্যাদি কারিগরী বিনির্দেশ মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

খ। উৎপাদিত দ্রব্যাদি পরীক্ষা/পরিদর্শন করে বিনির্দেশ মোতাবেক সঠিক পাওয়া গিয়েছে।


গ। বিনির্দেশে উল্লেখিত পরীক্ষা/নিরীক্ষা সমূহ সরবরাহকারী এবং প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব ল্যাবে অথবা জাতীয়/আন্তর্জাতিকভাবে স্বীকৃত পরীক্ষাগারে পরীক্ষা/নিরীক্ষা সম্পন্ন করতঃ সঠিক পাওয়া গিয়েছে; এই মর্মে প্রত্যেক চালানোর সাথে পরীক্ষা/নিরীক্ষার মূল সনদপত্র সংযুক্ত থাকতে হবে।

১৩। ওয়ারেন্টি/গ্যারান্টিঃ সরবরাহের তারিখ হতে ১২ (বার) মাসের মধ্যে গুদামজাত অবস্থায় (Shelf Life) অথবা ব্যবহারকালীন (স্বাভাবিক ব্যবহারে) ০৬ (ছয়) মাসের মধ্যে অস্বাভাবিক ত্রুটি/বিচ্যুতি দেখা দিলে ত্রুটিপূর্ণ পণ্যের সম পরিমাণ পণ্য সরবরাহকারী/উৎপাদনকারী প্রতিষ্ঠান (উভয়ই) ত্রুটি উপস্থাপনের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ খরচে সিওডি, ঢাকা সেনানিবাসে পৌঁছে দিতে বাধ্য থাকবেন।

১৪। স্তর পরিদর্শন (Stage Inspection)ঃ চালানকৃত পণ্য প্রস্তুতের পূর্বে উপাদান সমূহের স্তর পরিদর্শন পরিচালনা করা হবে (প্রয়োজন অনুযায়ী)।

১৫। বিশেষ শর্তাবলীঃ সরবরাহকারী যদি প্রস্তুতকারী না হন সে ক্ষেত্রে সরবরাহকারী দরপত্রের সাথে জমাকৃত পণ্য সরবরাহের সময় উক্ত পণ্যটি প্রস্তুত করতে সক্ষম সর্বোচ্চ ০৩ (তিন) টি কারখানা নির্বাচিত করে ঐ ০৩ (তিন) টি কারখানার সংশ্লিষ্ট পণ্যটি প্রস্তুতির সম্মতিপত্র (উৎপাদনকারী/কারখানার নিজস্ব প্যাডে যথাযথ প্রতিনিধির সীল ও স্বাক্ষর সহ মূল কপি) প্রাথমিকভাবে ডিজিডিপিতে জমা প্রদান করতে হবে। পরবর্তীতে ১০০% পণ্য সরবরাহের ক্ষেত্রে সরবরাহকারী উক্ত ০৩ (তিন) টি উৎপাদনকারী/কারখানার যে কোন ০১ (এক) টি কারখানা হতে পণ্য প্রস্তুত করে সরবরাহ করবে। ডিজিডিপির সাথে চুক্তিপত্র সম্পাদনের সময় স্ট্যাম্পের উপর সম্পাদিত সরবরাহকারী ও উৎপাদনকারীর (নির্বাচিত তিনটি কারখানার যে কোন একটির সাথে) চূড়ান্ত চুক্তিনামা ডিজিডিপিতে জমা করবে।


সুপারিশকারক



খন্দকার ইউসুফ হাসান

কর্ণেল

প্রধান পরিদর্শক



অনুমোদনকারক

পরিচালক
আইটিডি পরিদপ্তর

৩
সীমিত

